

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৯২

আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

**নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবসের প্যারেড অনুষ্ঠান
রাজ্যের দু'জন সমবায় সমিতির প্রতিনিধি আমন্ত্রিত**

রাজ্যে সমবায় ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য নয়াদিল্লিতে এবারের প্রজাতন্ত্র দিবসের প্যারেড অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রিত হয়েছেন সোনামুড়া বিভাগীয় ল্যাম্পসের সভাপতি উদয়সিং নোয়াতিয়া ও তার স্ত্রী রাজমতি নোয়াতিয়া। নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবসের প্যারেড অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য তারা আজ আগরতলা থেকে নয়াদিল্লির উদ্দেশ্যে রওনা হয়েছেন। আগামীকাল তারা নয়াদিল্লির কর্তব্যপথে আয়োজিত প্যারেড অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। আগরতলাস্থিত এক বেসরকারি হোটেলে আজ নাবার্ডের ত্রিপুরা আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত স্টেট ক্রেডিট সেমিনারে তাদের দু'জনকে নাবার্ডের পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়। উল্লেখ্য, ভারত সরকার সারা দেশ থেকে সমবায় ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সমবায় সমিতির ৫০০ জন প্রতিনিধিকে আগামী ২৬ জানুয়ারি নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবসের প্যারেড অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানিয়েছে।
